রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম শিগার নামক বিবাহ পদ্ধতি থেকে নিষেধ করেছেন।

আব্দুল্লাহ ইবন উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে মারফূ‘ হিসেবে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শিগার নামক বিবাহ থেকেনিষেধ করেছেন।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

বিবাহের ক্ষেত্রে মূল হচ্ছে নারী তার দেহের যে ত্যাগ স্বীকার করবে তার বিনিময়ে মোহর ব্যতীত বন্ধন পূর্ণ হবে না। এ জন্যই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জাহেলি বিবাহ থেকে নিষেধ করেছেন, যার দ্বারা অলীগণ তাদের অধীনে থাকা নারীদের ওপর যুলুম করেন। কারণ, তারা নারীদের স্বার্থ মোহর ব্যতীত তাদের বিয়ে দিত, আর নারীরা শুধু তাদের প্রবৃত্তি ও ইচ্ছা পূরণে নিজেদের দেহের ত্যাগ স্বীকার করত। তাই তারা নারীদের এই শর্তে বিয়ে দিত যে, সেও তাকে তার অধীনে থাকা নারীকে তার নিকট বিয়ে দিবে। এটা নিরেট যুলুম ও আল্লাহর বিধানের বাইরে তাদের লজ্জাস্থানের ক্ষেত্রে হস্তক্ষেপ করা, আর যেটা এরূপ অবশ্যই সেটা হারাম।

http://sunnah.global/hadeeth/bn/show/5849